20 OCT 2016
পৃ: ৬ ... ৬

দৈনিক ইত্তেফাক

# রাজশাহী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা একই দিনে

## বিপাকে পড়েছে ভর্তিচ্ছুরা

■ রাবি প্রতিনিধি

রাজশাহী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের কলা অনুষদের ভর্তি পরীক্ষা ২৬ অক্টোবর ধার্য হয়েছে। এছাড়া অন্যান্য পরীক্ষার তারিখও খুব কাছাকাছি সময় পড়েছে। এতে বিপাকে পড়েছেন ভর্তিচ্ছুরা। একটি বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা দিলে অন্য বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা দেয়ার সুযোগ হারাতে হবে তাদের।

এ অবস্থার জন্য দুই বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ পরস্পরকে দুষছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দাবি তারা আগে পরীক্ষার সময়সূচি ঘোষণা করেছে, একই দাবি রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের। কেউই সূচি পরিবর্তন করে অবস্থান থেকে সরে আসছে না।

খোঁজ নিয়ে জানা গেছে, রাজশাহী বিশ্ববিদ্যালয় ১৮ জুন ভর্তি পরীক্ষার সূচি প্রকাশ করে, অন্যদিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ২৭ জুন প্রকাশ করেছে।

এ ব্যাপারে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহম্মদ মিজানউদ্দিন বলেন, 'আমরা আগে ভর্তি পরীক্ষার সময় ঘোষণা করেছি। সে হিসেবে তাদের উচিত ছিল আমাদের সঙ্গে অ্যাডজাস্টমেন্ট করা। এর আগের বছরও তারা এমনটা করেছিল। আমরা তাদেরকে বিষয়টা জানিয়েছিলাম কিন্তু তারা শোনেননি।'

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপাক আনোয়ারুল আজীমের সাথে মোবাইলে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলে তিনি ফোন রিসিভ করেন নি। তবে ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক কামরুল হুদা বলেন, 'আমরা পরীক্ষার সময়সূচি আগে প্রকাশ করেছি। তাই আমাদের পরীক্ষা সূচি পরিবর্তনের কোনো সুযোগ নেই।'

এদিকে দুটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে জানা গেছে, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা আগামী ২৪ থেকে ২৭ এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২৩ থেকে ৩১ অক্টোবর অনুষ্ঠিত হবে। কিন্তু দুটি বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদ পরীক্ষা একই দিনে অনুষ্ঠিত হবে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে কলা অনুষদের পরীক্ষা ২৬ অক্টোবর সকাল ৯টা থেকে ১০ এবং ১১টা থেকে ১২টা দুই শিফটে অনুষ্ঠিত হবে। অন্যদিকে চট্টগ্রামে কলা অনুষদের ভর্তি পরীক্ষা ২৬ অক্টোবর সকাল সাড়ে ১০টায় অনুষ্ঠিত হবে। ফলে ভর্তিচ্ছুরা দোটানায় পড়েছেন।

এছাড়া কেউ যদি ২৬ অক্টোবর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে কলা অনুষদে পরীক্ষা অংশ নেয়। এরপর যদি ২৭ অক্টোবর রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের পরীক্ষায় অংশ নিতে চায় তাহলে তাকে রাজশাহী আসতে হবে। এরপর আবার যদি ২৯ অক্টোবর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের পরীক্ষায় নিতে চায় তাহলে আবার তাকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে যেতে হবে।

সজীব আহমেদ নামের এক ভর্তিচ্ছু বলেন, দুটি বিশ্ববিদ্যালয়ে পরীক্ষার একই সময়ে অনুষ্ঠিত হবে। একটি ইউনিটে একই দিনে পরীক্ষা। তাই যে কোনো একটি বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা দেয়া হবে না। এ নিয়ে দুশ্চিন্তায় আছি।